

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/৩০৬

তারিখঃ ১২ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিএসইসি ও ডন গ্লোবাল ম্যানেজমেন্ট লিমিটেডের বৈঠকঃ চালু হতে যাচ্ছে দেশের প্রথম ইটিএফ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে ২৬ জুন, ২০২২ইং তারিখ সকাল ১১ ঘটিকায় যুক্তরাজ্যভিত্তিক ডন গ্লোবাল ম্যানেজমেন্ট লিমিটেডের প্রতিষ্ঠাতা ও চিফ এক্সিকিউটিভ অফিসার (সিইও) মরিস পট এর একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ ও ড. মিজানুর রহমানসহ কমিশনের সংশ্লিষ্ট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং ডন গ্লোবাল ম্যানেজমেন্টের প্রতিষ্ঠাতা ও চিফ এক্সিকিউটিভ অফিসার (সিইও) মি: মরিস পট এর নেতৃত্বে ডন গ্লোবাল ম্যানেজমেন্টের ৫ সদ্যসের প্রতিনিধিদল উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, ডন গ্লোবাল ম্যানেজমেন্ট লিমিটেড ফ্রন্টিয়ার বাজারে ইটিএফ পণ্য চালুকরণ ও ব্যবস্থাপনায় খ্যাতিসম্পন্ন একটি প্রতিষ্ঠান।

ডন গ্লোবাল ম্যানেজমেন্টের প্রতিষ্ঠাতা ও চিফ এক্সিকিউটিভ অফিসার (সিইও) মি: মরিস পট বাংলাদেশে ইটিএফ চালুকরণের বিষয়ে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদান, নলেজ ট্রান্সফার বা জ্ঞান স্থানান্তরে প্রশিক্ষণ এবং ইটিএফ-এ বিনিয়োগের বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। এছাড়াও ইটিএফ চালুর ক্ষেত্রে বাজার সৃষ্টিকারী বা মার্কেট মেকার প্রয়োজন হবে। এক্ষেত্রে বাংলাদেশের স্বনামধন্য কয়েকটি প্রতিষ্ঠান বাজার সৃষ্টিকারী সনদ প্রাপ্তির বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে বলে সভায় আলোচনা হয়। বাজার সৃষ্টিকারী প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদানের বিষয়েও মি: মরিস পট আগ্রহ প্রকাশ করেন।

কমিশনের পক্ষ হতে ইটিএফ গঠনের ক্ষেত্রে পরিচালন ব্যয় আন্তর্জাতিক মানদণ্ডে সর্বনিম্ন পর্যায়ে রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয় যা এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড (ইটিএফ)-এ বিনিয়োগকারীদের সর্বোচ্চ মুনাফা প্রাপ্তিতে সহায়ক ভূমিকা পালন করবে।

ইটিএফে বিনিয়োগ তুলনামূলক কম ঝুঁকিপূর্ণ উল্লেখ করে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম বাংলাদেশের পুঁজিবাজারে ইটিএফ খুবই জনপ্রিয় একটি বিনিয়োগ পণ্য হিসেবে বিনিয়োগকারীদের কাছে গ্রহণযোগ্যতা অর্জন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। নতুন এ বিনিয়োগ পণ্যটি বাজারে এলে তা বাজারের স্থিতিশীলতা, বৈচিত্র্য সৃষ্টি ও তারল্য প্রবাহ বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি মনে করেন। এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড (ইটিএফ) গঠন ও বাজার সৃষ্টিকারী সনদ প্রদানের আগ্রহী প্রতিষ্ঠানকে কমিশনের পক্ষ থেকে সার্বিক সহযোগিতাসহ ফাস্ট ট্র্যাক সেবা প্রদান করা হবে বলে তিনি প্রতিশ্রুতি প্রদান করেন।

26-06-2022

মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র